



ইসলামিক ফাউন্ডেশন

সিরাজগঞ্জ জেলা কার্যালয়
জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, সিরাজগঞ্জ
Email: islamicfsrj@gmail.com

স্মারক নম্বর ১৬.০১.৮৮০০.০২২.০১.৯৮.২৫.১০২(৫০০)

তারিখ : ১২ জানুয়ারি ২০২৫ খ্রি.

বিষয়: জেলা পর্যায়ে সীরাত প্রতিযোগিতা আয়োজন

সূত্র: ১৬.০১.০০০০.০০৫.০৩.০৬০.২৪.১৯১৩, তারিখ: ০৬ জানুয়ারি ২০২৪ খ্রি.

জনাব

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামিক ফাউন্ডেশন সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক আয়োজিত জেলা পর্যায়ে সীরাত প্রতিযোগিতা ২০২৫ ইসলামিক ফাউন্ডেশন সিরাজগঞ্জ জেলা কার্যালয়ে অনুষ্ঠিত হবে। (জেলা পর্যায়ে প্রতিযোগিতার তারিখ পরে জানানো হবে)। উক্ত প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য আপনার শিক্ষা প্রতিষ্ঠানের বাছাইকৃত শিক্ষার্থী প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সীরাত প্রতিযোগিতার গ্রুপ:

ক্রম	গ্রুপ	বিবরণ	বয়সসীমা
১	ক	৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থী	অনুর্ধ্ব ১৫ বছর
২	খ	৯ম থেকে ১২ শ্রেণী পর্যন্ত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থী	অনুর্ধ্ব ১৯ বছর।
৩	গ	বিশ্ববিদ্যালয় পর্যায়ে জেনারেল ও মাদ্রাসার শিক্ষার্থী	অনুর্ধ্ব ২৭ বছর

প্রতিযোগিতার জন্য নির্বাচিত সীরাত গ্রন্থ :

গ্রুপ	বইয়ের নাম	মূল লেখক
ক	নবীয়ে রহমত	সাইয়েদ আবুল হাসান আলী নভদী।
খ	সীরাতুল মুস্তফা ১ম-৩য় খন্ড	আল্লামা ইদরীস কান্ধলভী
গ	১) সিরাতে ইবনে হিশাম	আবু যুহায়দ আব্দুল মালেক ইবনে হিশাম ইবনে আইয়ুব
	২) আর রাহীকুল মাখতুম	আল্লামা সফিউর রহমান মোবারকপুরী

নিয়ামাবলী:

- ১। প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছুক ছাত্র-ছাত্রীদের ১২ জানুয়ারি থেকে ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ইসলামিক ফাউন্ডেশন সিরাজগঞ্জ জেলা কার্যালয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে।
- ২। নিবন্ধনকৃত প্রতিযোগীদের নিয়ে জেলা পর্যায়ে সুবিধাজনক সময়ে সীরাত আলোচনা আয়োজন করা হবে।
- ৩। জেলা পর্যায়ে প্রতিযোগিতা সারাদেশে একযোগে একইদিনে অনুষ্ঠিত হবে।
- ৪। জেলা পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রধান কার্যালয় থেকে প্রশ্নপত্র সরবরাহ করা হবে। পরীক্ষা শুরু ১ ঘন্টা পূর্বে জেলা কার্যালয়কে প্রশ্নপত্র সরবরাহ করা হবে। জেলা কার্যালয়ে ঐদিনই ফলাফল প্রকাশ ও বিজয়ী প্রতিযোগীদের নাম ঘোষণা করা হবে।
- ৫। পরীক্ষার প্রশ্ন এমসিকিউ ও সংক্ষিপ্তাকারে হবে।
- ৬। জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীদের ক্রেস্ট, পুরস্কার ও সনদপত্র প্রদান করা হবে।
- ৭। জেলা পর্যায়ে বিজয়ীদের বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য জেলা পর্যায়ের সনদ সঙ্গে আনতে হবে।
- ৮। বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতার তারিখ ও স্থান পরে জানানো হবে।
- ৯। জাতীয় পর্যায়ে সীরাত প্রতিযোগিতার প্রথম পুরস্কার ৫০ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ৪৫ হাজার টাকা ও তৃতীয় পুরস্কার ৪০ হাজার টাকাসহ ক্রেস্ট ও সনদপত্র দেওয়া হবে।

স্বাক্ষর